



# Cosmo School

রাজিয়া সুলতানা

শ্রেণি : তৃতীয়, বিষয় : বাংলা

অধ্যায় : নিরাপদে চলাচল


লেকচার শীট -২

তারিখ : ০৫.১০.২০২০


❖ গল্পের ২য় অংশ ( জামিল..... জেব্রাক্রসিং) পর্যন্ত রিডিং পড়বে।

❖ মূলশব্দ :


ফুটওভারব্রিজ




জামিল সবাইকে বলল যে, ফুটওভারব্রিজ দিয়ে লোকজন হেঁটে রাস্তা পার হয়। ফুটওভারব্রিজ দিয়ে রাস্তা পার হওয়া নিরাপদ।




ট্রাফিক পুলিশ



টিয়া সবাইকে দেখাল সাদা ছড়ি হাতে এক বৃদ্ধ রাস্তা পার হচ্ছে। কিন্তু রাস্তায় অনেক গাড়ি চলছিল। সেই সময় ট্রাফিক পুলিশ বৃদ্ধ লোকটিকে নিরাপদে রাস্তা পার করে দিলেন।



জেব্রাক্রসিং



ওদের গাড়ি যখন শাহবাগে এসে থামল তখন ট্রাফিক সিগন্যালে লালবাতি দেখে সব যানবাহন থেমে গেল। সামনেই ছিল রাস্তায় চওড়া জায়গায় সাদা-কালো রং করা। জামিল বলল এটাই জেব্রাক্রসিং।

❖ নতুন শব্দ :

১.ব্রিজ - সেতু।

২.ফুটওভারব্রিজ - যে সেতু দিয়ে পথচারীরা নিরাপদে রাস্তা পার হয়।

৩.সাদা ছড়ি - সাদা লাঠি।

৪. জেব্রাক্রসিং - রাস্তা পারাপারের জন্য দাগকাটা সাদা-কালো জায়গা।

❖ একবক্যের প্রশ্নোত্তর :

১.ফুটওভারব্রিজ কি ?

২. কিসের ওপর দিয়ে লোকজন হেঁটে রাস্তা পাড় হচ্ছে ?

৩.বৃদ্ধ লোকের হাতে কী ছিল ?

৪.কে বৃদ্ধ লোকটিকে রাস্তা পার করছিল ?

৫. ওদের গাড়ি আবার কোথায় এসে থামল ?

৬.জেব্রাক্রসিং কী ?

❖ উত্তরঃ

১.যে সেতু দিয়ে পথচারীরা নিরাপদে রাস্তা পার হয়।

২.ফুটওভারব্রিজ।

৩.সাদা ছড়ি।

৪.ট্রাফিক পুলিশ।

৫.শাহবাগে ট্রাফিক সিগন্যালে।

৬.রাস্তা পারাপারের জন্য দাগকাটা সাদা- কালো জায়গা।